

PRINT

সমকাল

স্বাধীনতা দিবস উপলক্ষে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে আলোচনা

১২ ঘণ্টা আগে



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে গত সোমবার বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা হয়েছে। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আতিকুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন পানিসম্পদ উপমন্ত্রী একেএম এনামুল হক শামীম। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ প্রতিদিনের নির্বাহী সম্পাদক পীর হাবিবুর রহমান, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান

ও সাবেক সংসদ সদস্য এম এ হাসেম, ট্রাস্টি বোর্ডের সদস্য মুক্তিযোদ্ধা বেনজীর আহমেদ। এ ছাড়াও উপস্থিত ছিলেন

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) ড. গিয়াস ইউ আহসান, কোষাধ্যক্ষ ড. গৌরগোবিন্দ গোস্বামী। সভা সম্বলনা করেন জনসংযোগ বিভাগের পরিচালক জামিল আহমেদ।

এ সময় পানিসম্পদ উপমন্ত্রী বলেন, 'আমরা স্বাধীন ছিলাম না, স্বাধীন হয়েছি বলেই আজ ডিজিটাল বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নয়নের ধারা বজায় রাখা সম্ভব হয়েছে।' তিনি বলেন, একটি জাতি গঠনের জন্য যেসব দিকনির্দেশনা দরকার, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণে তার সবই রয়েছে।

এম এ হাসেম বলেন, দেশ স্বাধীন হবে এটি সবার কল্পনাতেও ছিল না। কিন্তু একমাত্র জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্বাস করেছিলেন, এ দেশ স্বাধীন হবে এবং তারই নেতৃত্বে সোনার বাংলা স্বাধীন হয়েছে।

উপাচার্য আতিকুল ইসলাম বলেন, যতদিন দেশের মানুষ বঙ্গবন্ধুর আদর্শ ধারণ করে চলবে, ততদিন দেশের উন্নয়ন কেউ থামিয়ে রাখতে পারবে না। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com